

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৩৬০

১৩/ বিচার ও বিধান (کتاب الأحكام)

পরিচ্ছেদঃ ১৩/২৬. ঋণদাতা দেউলিয়ার দখলে অবিকল তার মাল পেয়ে গেলে

بَابِ مَنْ وَجَدَ مَتَاعَهُ بِعَيْنِهِ عِنْدَ رَجُلٍ قَدْ أَفْلَسَ

### আরবী

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ الْحِزَامِيُّ، وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ الدَّمَشْقِيُّ، قَالاَ حَدَّثَنَا ابْنُ أَبِي فُدَيْكِ، عَنِ ابْنِ خَلْدَةَ الْبَي فُدَيْكِ، عَنِ ابْنِ خَلْدَةَ الْبُي فُدَيْكِ، عَنِ ابْنِ خَلْدَةَ الْزُرَقِيِّ، وَكَانَ، قَاضِيًا بِالْمَدِينَةِ قَالَ جِئْنَا أَبَا هُرَيْرَةَ فِي صَاحِبٍ لَنَا قَدْ أَفْلَسَ فَقَالَ هَذَا الَّذِي قَضَى فِيهِ النَّبِيُّ صلى الله عليه وسلم " أَيُّمَا رَجُلٍ مَاتَ أَوْ أَفْلَسَ فَصَاحِبُ الْمَتَاعِ أَحَقُ بِمَتَاعِهِ إِذَا وَجَدَهُ بِعَيْنِهِ " .

#### বাংলা

৩/২৩৬০। ইবনে খালদা আয-যুরাকী (রাঃ) থেকে বর্ণিত। তিনি ছিলেন মদীনার বিচারপতি। তিনি বলেন, আমরা আবৃ হুরায়রা (রাঃ) এর কাছে আমাদের এক দেউলিয়া সঙ্গীর ব্যাপারে জানতে আসলাম। তিনি বলেন, এ ধরনের লোক সম্পর্কে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই মীমাংসা দিয়েছেন যে, কোন ব্যক্তি দেউলিয়া হলে অথবা মারা গেলে, ঋণদাতা তার মাল অবিকল তার নিকট বিদ্যমান পেলে সে-ই হবে তার অগ্রগণ্য প্রাপক।

## **English**

It was narrated that Ibn Khaldah, who was a judge in Al-Madinah, said: We came to Abu Hurairah and asked him about a companion of ours who had become bankrupt. He said: "This is what the Prophet (ﷺ) ruled: 'Any man who dies or becomes bankrupt, the owner of the product has more right to it, if he finds the exact thing."

### ফুটনোট

মাজাহ ২৩৫৯, ২৩৫৮, ২৩৬১, সহীহুল বুখারী ২৪০২, মুসলিম ১৫৫৯, তিরমিয়ী ১২৬২, নাসায়ী ৪৬৭৬, ৪৬৭৭,



আবূ দাউদ ৩৫১৯, ৩৫২০, ৩৫২৩, আহমাদ ৭০৮৪, ৭৩২৫, ৭৩৪৩, ৭৪৫৫, ৮৩৬১, ৮৭৬৯, ৯০৬৫, ৯০৮৩, ৯৭০৫, ৯৭৮১, ৯৯৪৯, ১০৪১৫, মুয়াত্তা মালেক ১৩৮৩, দারেমী ২৫৯০, ইরওয়া ৫/২৭১, মিশকাত ২৯১৪।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী আবুল মু'তামির বিন রাফি সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার অবস্থা সম্পর্কে অজ্ঞাত। ইবনু আবদুল বার আল-আন্দালাসী বলেন, তিনি ইলম বহনে পরিচিত নয়। ইমাম যাহাবী তাকে সিকাহ বলেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭৬৩৮, ৩৪/৩০৫ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন